Through Knowledge towards Jannah

Islamic Online Madrasah – IOM

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

রিসার্চের বিষয়ঃ

কুরআন - হাদিসের আলোকে ইতিকাফের গুরুত্ব ও ফজিলত

তত্ত্বাবধায়নেঃ

মুফতি: আব্দুল ওয়াহিদ

রিসার্চ ডিপার্টমেন্ট

ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

জমা দিয়েছেনঃ

মো: মনোয়ার হোসেন

রোলঃ 227010282

১৯ নভেম্বর,২০২৪ ইং

Through Knowledge towards Jannah

Islamic Online Madrasah – IOM

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

রিসার্চের বিষয়ঃ

কুরআন - হাদিসের আলোকে ইতিকাফের গুরুত্ব ও ফজিলত

এই রিপোর্ট টি ইসলামিক অনালাইন মাদ্রাসার ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজের একটি আনুসাঙ্গিক রিপোর্ট।

তত্ত্বাবধায়নেঃ

মুফতি: আব্দুল ওয়াহিদ
রিসার্চ ডিপার্টমেন্ট
ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

জমা দিয়েছেনঃ

মো: মনোয়ার হোসেন
রোলঃ 227010282

Through Knowledge towards Jannah

Islamic Online Madrasah – IOM

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, ‘‘কুরআন - হাদিসের আলোকে ইতিকাফের গুরুত্ব ও ফজিলত’’ বিষয়ক গবেষণাপত্র টি আমার তত্ত্বাবধানে ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ ডিপার্টমেন্ট থেকে মো: মনোয়ার হোসেন, আইডিঃ 227010282 বিচক্ষনতার সাথে সম্পন্ন করেছেন।

(স্বাক্ষর)

তত্ত্বাবধায়নেঃ

মুফতি: আব্দুল ওয়াহিদ
রিসার্চ ডিপার্টমেন্ট
ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

(স্বাক্ষর)

এক্সটারনালঃ

মাও: শারাফাত কারীম
এরাবিক ডিপার্টমেন্ট
ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

ঘোষণাপত্র

আমি নিম্নস্বাক্ষরকারী এ মর্মে ঘোষণা করছি যে, "কুরআন - হাদিসের আলোকে ইতিকাফের গুরুত্ব ও ফজিলত" শিরোনামে এই গবেষণাপত্র ইসলামিক অনলাইন মাদ্রাসার (Islamic Online Madrasah – IOM) ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের মুফতি: আব্দুল ওয়াহিদ উস্তাদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ও নির্দেশনায় সম্পন্ন করেছি। অন্য কোন বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানে কোন প্রকার ডিগ্রি/ডিপ্লোমা অর্জনের জন্য বা প্রকাশের জন্য গবেষণাপত্র সম্পূর্ণ কিংবা এর অংশবিশেষ উপস্থাপন করা হয়নি।

আমি আরও ঘোষণা করছি যে, এই গবেষণা কর্মটি আমার নিজস্ব মৌলিক রচনা। আমার জানা মতে ইতিপূর্বে আর কোন ব্যক্তি এই শিরোনামে কোন গবেষণাপত্র রচনা করেননি।

(স্বাক্ষর)

তারিখঃ

১৯ নভেম্বর, ২০২৪ ইং

মো: মনোয়ার হোসেন

আইডিঃ 227010282

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ।

ইসলামিক অনলাইন মাদ্রাসা।

সূচিপত্র

ভূমিকা :

ইতিকাফের আভিধানিক অর্থ হলো অবস্থান করা। পারিভাষিক অর্থ হলো, যে ব্যক্তি মসজিদে অবস্থান করে এবং ইবাদতে লিপ্ত হয় তাকে বলা হয় 'আকিফ' এবং 'মুতাকিফ' অর্থাৎ ইতিকাফকারী।

(লিসানুল আরব, খণ্ড ৯, পৃষ্ঠা : ২৫৫)

শরিয়তের পরিভাষায় ইতিকাফ মানে আল্লাহর নৈকট্য লাভের উদ্দেশ্যে নিজেকে মসজিদে আবদ্ধ করা।(উমদাতুল কারি, খণ্ড ১১, পৃষ্ঠা : ১৪০)

ইতিকাফ হলো এমন একটি ইবাদত, যা পূর্ববর্তী আম্বিয়ায়ে কিরাম (আ.)-এর সময় থেকে চলে আসছে। আল্লাহ তাআলা পবিত্র কোরআনেও এর কথা উল্লেখ করেছেন। আল্লাহ তাআলা তাঁর প্রিয় খলিল ইবরাহিম (আ.) এবং ইসমাইল (আ.)-কে নির্দেশ দিয়েছিলেন কাবা গৃহ নির্মাণের পর তাওয়াফ করতে এবং ইতিকাফকারী ও নামাজ আদায়কারীদের জন্য তা (আল্লাহর ঘর) পরিষ্কার রাখতে। আল্লাহ তাআলা বলেন, 'এবং আমি ইবরাহিম ও ইসমাঈলকে হুকুম করি, তোমরা আমার ঘরকে সেই সকল লোকের জন্য পবিত্র করো, যারা (এখানে) তাওয়াফ করবে, ইতিকাফ করবে এবং রুকু ও সিজদা আদায় করবে।

(সুরা : বাকারা, আয়াত : ১২৫)

মূলত রমজান মাস হলো আল্লাহ তাআলার আনুগত্য ও ইবাদতের বসন্তকাল এবং ক্ষমা ও জাহান্নাম থেকে মুক্তির মৌসুম। যদিও এই মাস গুনাহগার ও নাফরমানদের জন্য ক্ষমা ও মাগফিরাতের সুবর্ণ সুযোগের মাধ্যম, কিন্তু প্রকৃতপক্ষে এটি নেক ও পরহেজগার ব্যক্তিদের জন্য রহমত, বরকত এবং আল্লাহর নৈকট্য লাভের মূল মাধ্যম। তাই আল্লাহ তাআলা রমজানের শেষ দশকে ইতিকাফের মতো মহান ইবাদতের বিধান রেখেছেন। এটি আল্লাহ তাআলার পক্ষ থেকে একটি মহা উপহার।

যা পূর্ববর্তী নবী (আ.) থেকে সাহাবায়ে কিরামরা খুবই গুরুত্বের সঙ্গে আমল করে এসেছেন। শরিয়তে ইতিকাফ হলো সুন্নতে মুয়াক্কাদাহ। (আল ইখতিয়ার লি তালিলিল মুখতার, খণ্ড ১, পৃষ্ঠা : ১৩৬)

রমজানের শেষ ১০ দিনে ইতিকাফ করা রাসুলুল্লাহ (সা.)-এর একটি স্বতন্ত্র সুন্নত এবং এর চেয়ে উত্তম আর কী হতে পারে যে রাসুলুল্লাহ (সা.) সর্বদা এর প্রতি যত্নবান ছিলেন। ইমাম জুহরি (রহ.) বলেন, অনেক আমল তো নবীজি (সা.) কখনো করেছেন আবার কখনো ছেড়েও দিয়েছেন। কিন্তু মদিনায় হিজরত করার পর থেকে ওফাত পর্যন্ত রমজান মাসের শেষ ১০ দিনের ইতিকাফের আমলটি তিনি কখনোই ছেড়ে দেননি।

অথচ বড়ই আশ্চর্য ও আফসোসের বিষয় হলো, এই মর্যাদাপূর্ণ আমলটির ব্যাপারে মানুষ তেমন গুরুত্ব দেয় না। (ফাতহুল বারি, খণ্ড ৪, পৃষ্ঠা : ২৮৫)

হাদিসে এসেছে, আবদুল্লাহ ইবনু উমর (রা.) বলেন, রাসুলুল্লাহ (সা.) রমজানের শেষ দশকে ইতেকাফ করতেন। (বুখারি, হাদিস : ২০২৫)

নবীপত্নীরাও নিজ নিজ ঘরে ইতিকাফ করতেন। উম্মুল মুমিনিন আয়েশা (রা.) বলেন, রাসুলুল্লাহ (সা.) রমজানের শেষ ১০ দিনে ইতিকাফ করতেন। তাঁর ওফাত পর্যন্ত এই নিয়মই ছিল। এরপর তাঁর সহধর্মিণীরাও (সে দিনগুলোতে) ইতিকাফ করতেন। (বুখারি, হাদিস : ২০২৬)

আবু সাঈদ খুদরি (রা.) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ (সা.) রমজানের মধ্যম দশকে ইতিকাফ করতেন। (বুখারি, হাদিস : ২০২৭)

ওফাতের বছর মহানবী (সা.) ২০ দিন ইতিকাফ করেছিলেন। আবু হুরায়রা (রা.) বলেন, রাসুলুল্লাহ (সা.) প্রতি রমজানে ১০ দিন ইতিকাফ করতেন, কিন্তু তাঁর ইন্তেকালের বছর তিনি ২০ দিন ইতিকাফ করেছেন। (বুখারি, হাদিস : ২০৪৪)

এ ছাড়া ইতিকাফ হলো, আল্লাহ তাআলার ঘর মসজিদে অবস্থান করার মাধ্যমে আল্লাহ তাআলার নৈকট্য অর্জন, দুনিয়াবিমুখতা এবং আল্লাহর রহমতে সিক্ত হওয়া ও ক্ষমা চাওয়ার অন্যতম শ্রেষ্ঠ মাধ্যম। আর ইতিকাফকারী ব্যক্তির উদাহরণ দিতে গিয়ে আতা (রহ.) বলেন যে কোনো ব্যক্তি এসে কারো দরজায় কড়া নাড়ল এই বলে যে যতক্ষণ পর্যন্ত তাকে কিছু না দেওয়া হবে, ততক্ষণ সে এখান থেকে এগোবে না। অনুরূপভাবে ইতিকাফকারী ব্যক্তিও আল্লাহ তাআলার দরজায় কড়া নাড়তে থাকে, যতক্ষণ পর্যন্ত না আল্লাহর সন্তুষ্টি এবং ক্ষমা অর্জিত না হয়, ততক্ষণ সে আল্লাহর রহমত থেকে নৈরাশ হয়ে ফিরে আসে না। (মারাকিল ফালাহ, খণ্ড ১, পৃষ্ঠা : ২৬৯)

ইতিকাফের মাহাত্ম্য ও তাৎপর্য ব্যাখ্যা করতে গিয়ে শাহ ওয়ালি উল্লাহ মুহাদ্দিসে দেহলভি (রহ.) বলেন, মসজিদে ইতিকাফ হচ্ছে হৃদয়ের প্রশান্তি, আত্মার পবিত্রতা ও চিত্তের নিষ্কলুষতা; চিন্তার পরিচ্ছন্নতা ও বিশুদ্ধতা। ফেরেশতাদের গুণাবলি অর্জন এবং লাইলাতুল কদরের সৌভাগ্য ও কল্যাণ লাভসহ সব ধরনের ইবাদতের সুযোগ লাভের সর্বোত্তম উপায়। এ জন্য রাসুলুল্লাহ (সা.) নিজে মৃত্যুর আগ পর্যন্ত ইতিকাফ পালন করেছেন এবং তাঁর পূতঃপবিত্র বিবিগণসহ সাহাবায়ে কিরামের অনেকেই এই সুন্নতের ওপর আমৃত্যু আমল করেছেন। (হুজ্জাতুল্লাহিল বালিগা, খণ্ড ২, পৃষ্ঠা : ৪২)

সওয়াবের দিক থেকে ইতিকাফের জন্য সর্বোত্তম স্থান হলো মসজিদুল হারাম। এরপর মসজিদে নববী। তারপর মসজিদুল আকসা। এরপর যেকোনো জামে মসজিদ। তারপর যেকোনো পাঞ্জেগানা মসজিদ। তবে নারীদের জন্য ইতিকাফের স্থান হলো ঘরের নির্দিষ্ট কোনো পবিত্র স্থান। এ ক্ষেত্রে স্বামীর অনুমতি প্রযোজ্য। নারীদের মসজিদে ইতিকাফ করা মাকরুহে তাহরিমি। কারণ বর্তমান যুগ ফিতনা-ফ্যাসাদের যুগ। মসজিদে

পুরুষদের সঙ্গে মেলামেশার প্রবল আশঙ্কা এবং অনৈতিকতা, অশ্লীলতারও আশঙ্কা আছে। তাই বর্তমান যুগে নারীদের মসজিদে ইতিকাফ করা মাকরূহে তাহরিমি। (আল মাবসুত লিল সারাখসি, খণ্ড ৩, পৃষ্ঠা ১১৫)

ই‘তিকাফ মানুষকে দুনিয়াবী ব্যস্ততা পরিহার করে আল্লাহর ইবাদতে মগ্ন হওয়া শিক্ষা দেয় এবং আল্লাহর সাথে বান্দার সম্পর্ক জুড়ে দেয়। এতে আল্লাহর প্রতি মহববত বৃদ্ধি পায়। আল্লাহ তা‘আলা তাঁর বান্দার গোনাহ মাফ করিয়ে নেওয়ার জন্য বিশেষ কিছু সুযোগ দিয়েছেন। তন্মধ্যে উল্লেখযোগ্য হ’ল, এ মাসের শেষ দশকের বরকতময় রজনী ‘লায়লাতুল ক্বদর’ (ليلة القدر) যা হাযার মাস অপেক্ষা উত্তম। সেই রজনী পাবার জন্য ই‘তিকাফ এক বিশেষ ব্যবস্থা।

ইতিকাফের পরিচয়:

ই‘তিকাফ العَكْفُ ধাতু হ’তে উৎপন্ন। যা বাবে ইফতি‘আল-এর মাছদার। অর্থ : নিজেকে কোন স্থানে বদ্ধ রাখা। শারঈ পরিভাষায় আল্লাহর সান্নিধ্য লাভের উদ্দেশ্যে নিজেকে মসজিদে ইবাদত ও তেলাওয়াতের মধ্যে বদ্ধ রাখাকে ই‘তিকাফ বলা হয়।[1] আর যে ব্যক্তি এভাবে আবদ্ধ থেকে মসজিদে ইবাদত-বন্দেগীতে লিপ্ত থাকে তাকে বলা হয় মু‘তাকিফ (معتكف) বা আকিফ (عاكف)।[

ইতিকাফের গুরুত্ব ও তাৎপর্য ইসলামে ইতিকাফের গুরুত্ব অপরিসীম। আল্লাহ তা'আলা পবিত্র কুরআনে বলেন,'আর আমি ইবরাহিম ও ইসমাঈল (আঃ)কে নির্দেশ দিলাম যে, আমার ঘরকে তাওয়াফকারী ও ইতিকাফকারীদের জন্য পবিত্র কর।'(সূরা বাকারা- ১২৫)

অপর আয়াতে আল্লাহ পাক বলেন-‘তোমরা স্ত্রীদের সাথে মেলা-মেশা করো না যখন তোমরা মসজিদে ইতিকাফ কর। ' (সূরা বাকারা - ১৮৭)।

অন্তরকে একমাত্র আল্লাহর প্রতি মনোনিবেশ করার জন্য ইতিকাফ এক চমৎকার প্রশিক্ষণ। সুন্নাতসম্মত পন্থায় দুনিয়া বিরাগী হওয়ার এবং লাইলাতুল কদর তালাশ করার ক্ষেত্রে ইতিকাফ এর বিকল্প নেই। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রতি বছর রমজান মাসে ইতিকাফ করতেন।

আর উম্মতের জন্য রমজানের শেষ দশকে ইতিকাফ করা সুন্নাতে মুআক্কাদায়ে কিফায়া। যদি কোন মহল্লা থেকে একজন ব্যক্তি আদায় করে তাহলে সকলের পক্ষ থেকে আদায় হয়ে যাবে। কিন্তু যদি মহল্লার কেউ আদায় না করে তাহলে সকলেই গুনাহগার হবে।

একাধিক হাদিসে এসেছে - عن عائشة رضي الله عنها، أن رسول الله صلى الله عليه وسلم قال: تحروا ليلة القدر في الوتر، من العشر الاواخر من رمضان.'হযরত আয়েশা রা. থেকে বর্ণিত, তিনি বলেন, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমরা রমজানের শেষ দশকের বিজোড় রাতে লাইলাতুল ক্বদর তালাশ কর।' (বুখারী শরীফ, হাদিস নং ১০৭২)।

عن عائشة رضي الله عنها زوج النبي صلى الله عليه وسلم، أن النبي صلى الله عليه وسلم كان يعتكف العشر الاواخر من رمضان حتى توفاه الله، ثم اعتكف أزواجه من بعده.'রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর স্ত্রী আম্মাজান হযরত আয়েশা রা. হতে বর্ণিত, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রমজানের শেষ দশকে ইতিকাফ করতেন। (বুখারী শরীফ, হাদিস নং - ১৯৮১)।

অন্য হাদিসে এসেছে, عن عائشة رضي الله عنها قالت كان رسول الله صلى الله عليه وسلم إذ دخل العشر أحيا الليل و أيقظ أهله وجد و شد المءزر.' হযরত আয়েশা রা. থেকে বর্ণিত তিনি বলেন, রমযানের শেষ দশক শুরু হওয়ার সাথে সাথে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সারারাত জেগে থাকতেন ও নিজ পরিবারের সদস্যদের ঘুম থেকে জাগাতেন এবং তিনি নিজেও ইবাদতের জোড় প্রস্তুতি নিতেন। (সহিহ মুসলিম, বাবুল ই'তিকাফ)

عن أنس بن مالك رضي الله عنه قال: كان النبي صلى الله عليه وسلم يعتكف في العشر الأواخر من رمضان، فلم يعتكف عاما، فلما كان في العام المقتل اعتكف عشرين.'হযরত আনাস ইবনে মালিক রা. থেকে বর্ণিত, তিনি বলেন নবি করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রমজান মাসের শেষ দশ দিন ইতিকাফ করতেন। কিন্তু এক বছর তিনি ই'তিকাফ করলেন না। তাই পরবর্তী বছর তিনি ইতিকাফ করলেন। (তিরমিযি শরীফ, হাদিস নং - ১০৭২)।

عن ابي هريرة رضي الله عنه قال: كان النبي صلى الله عليه وسلم يعتكف في كل رمضان عشرة أيام، فلما كان العام الذي قبض فيه اعتكف عشرين يوما.'হযরত আবু হুরায়রা রা. হতে বর্ণিত তিনি বলেন, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রতি বছর দশ দিন ইতিকাফ করতেন। অতঃপর যে বছর তিনি ইন্তেকাল করেন সে বছর বিশ দিন ইতিকাফ করেন। (বুখারী শরীফ, হাদিস নং - ১৯৯৭)

عن عبدالله بن عمر رضي الله عنهما قال: كان رسول الله صلى الله عليه وسلم يعتكف العشر الاواخر من رمضان.'হযরত আব্দুল্লাহ ইবনে ওমর রা. হতে বর্ণিত তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রমজানের শেষ দশকে ইতিকাফ করতেন। (বুখারী শরীফ, হাদিস নং - ১৯৮০)

সুতরাং এই হাদিসগুলো দ্বারা প্রতীয়মান হয় যে, ইতিকাফ রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জীবনের অন্যতম গুরুত্বপূর্ণ আমল, যা তিনি জীবনের শেষ রমজান পর্যন্ত গুরুত্ব সহকারে আদায় করেছেন। তাই আমাদের উচিত রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের এই গুরুত্বপূর্ণ আমলটি আঁকড়ে ধরা।

ইতিকাফের ফজিলতইতিকাফ মুমিনের জীবনে এক গুরুত্বপূর্ণ ও ফজিলতপূর্ণ ইবাদত। হাদিসে এর অনেক ফজিলত বর্ণিত হয়েছে । যেমন :

عن عبدالله بن عباس رضي الله عنه أن رسول الله صلى الله عليه وسلم قال في المعتكف هو يعكف الذنوب و يجري له من الحسنات كعامل الحسنات كلها.'হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস রা. থেকে বর্ণিত, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইতিকাফকারী সম্পর্কে বলেছেন, সে নিজেকে গুনাহ থেকে বিরত রাখে এবং নেককারদের সকল নেকী তার জন্য লেখা হয়। (সুনানে ইবনে মাজাহ, বাবুস সাওম)

عن عبدالله بن عباس رض. عن النبي صلى الله عليه وسلم قال في المعتكف و من اعتكف يوما ابتغاء وجه الله تعالى جعل الله بينه وبين النار ثلاث خناديق أبعد ما بين الخافقين.'হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস রা. থেকে বর্ণিত, তিনি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেন, যে ব্যক্তি আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে একদিন ইতিকাফ করবে আল্লাহ তাআলা তার ও জাহান্নামের মাঝে তিন খন্দক সমান দুরত্ব সৃষ্টি করবেন, যা আসমান জমিনের দুরত্ব অপেক্ষা বেশি। (তবারানী শরীফ)।

قال رسول الله صلى الله عليه وسلم من اعتكف عشر في رمضان كان كحجتين و عمرتين.'রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি রমজান মাসে দশ দিন ইতিকাফ করবে তার জন্য দুইটি হজ্জ ও দুইটি ওমরার সওয়াব লেখা হবে।' (বায়হাকী, হাদিস নং - ৩৬৮০)

উপরন্তু ইতিকাফকারী যদি রমজানের শেষ দশকের বিজোড় রাত্রগুলোতে ইবাদত করে তাহলে অবশ্যই সে লাইতুল কদরের ফজিলত লাভ করবে। আর কদর রাতের ফজিলত সম্পর্কে আল্লাহ তা'আলা বলেন -

لَيْلَةُ الْقَدْرِ خَيْرٌمِّنْ اَلْفِ شَهْرٍ.ؕ

'কদরের রাত্র হাজার মাস অপেক্ষা উত্তম।'(সূরা ক্বদর - ০৩)

এছাড়াও ইতিকাফের মাধ্যমে ব্যক্তি সহজেই আল্লাহর নৈকট্য লাভ করতে পারে।

ইতিকাফের প্রকারভেদ ও হুকুম১. ওয়াজিব ইতিকাফ। তা হলো মান্নত ই'তিকাফ। অর্থাৎ যে কয়দিন মান্নত করবে সে কয়দিন ইতিকাফ করা ওয়াজিব।২. সুন্নাত ইতিকাফ। এটা হলো রমজানের শেষ দশ দিনের ই'তিকাফ। রমজানের শেষ দশক দিনের ইতিকাফ করা সুন্নাতে মু'আক্কাদায়ে কিফায়া। মহল্লাবাসীর কোন একজন আদায় করলে সকলের পক্ষ থেকে আদায় হয়ে যাবে। আর কেউ আদায় না করলে মহল্লাবাসী সকলেই গুনাহগার হবে।উল্লেখ্য, রমজানের ২০ তারিখ সূর্যাস্তের কিছুক্ষণ পূর্ব থেকে সুন্নাত ইতিকাফ আরম্ভ হয়। আর যে দিন ঈদুল ফিতরের চাঁদ দেখা যায় সে দিন শেষ হয়। যদি সূর্যাস্তের কিছুক্ষণ পূর্বে চাঁদ দেখা যায়, তাহলে সূর্যাস্ত হওয়া পর্যন্ত ইতিকাফে অবস্থান করা আবশ্যক।(ফাতাওয়ায়ে শামি ২য় খন্ড, পৃষ্ঠা ১৭৯)৩. নফল ইতিকাফ। মান্নত ও রমজানের শেষ দশকের ইতিকাফ ব্যতীত অন্য সময়ের ইতিকাফ নফল পর্যায়ের অন্তর্ভুক্ত। এই ইতিকাফে সময়ের ব্যাপারে কোন সীমাবদ্ধতা নেই।

ইতিকাফের শর্তসমূহ:

১. ইতিকাফের নিয়ত করা ।

২. রোজাদার হওয়া।

৩. জামাত হয় এমন মসজিদ হওয়া।

৪. মুসলমান হওয়া।

৫. আকেল ও জ্ঞানবান হওয়া।

৬. জানাবাত ও হায়েজ নেফাস থেকে পবিত্র থাকা।

৭. মহিলা তার ঘরে নামাজের জন্য নির্ধারিত স্থানে ইতিকাফ করা।

৮. মহিলা ইতিকাফ অবস্থায় ঘর থেকে বের না হওয়া।

৯. মহিলাদের জন্য স্বামীর অনুমতি নেওয়া।

১০. ওয়াজিব ও সুন্নাত ইতিকাফের জন্য রোজা শর্ত কিন্তু নফল ইতিকাফের জন্য রোজা শর্ত নয়।

১১. পাগল না হওয়া।(সূত্রঃ ফাতাওয়ায়ে শামি ও ফাতাওয়ায়ে আলমগীরী)।

ইতিকাফের আদবসমূহ:

☞ বেশি বেশি কুরআন ও হাদিস পাঠ করা।

☞ সিরাতুন্নবী সা. অধ্যয়ন করা।* আম্বিয়া আ.গণের জীবনী পাঠ করা।

☞ ইলমে দ্বীন শিক্ষা করা ও শিক্ষা দেওয়া।

☞ গুনাহ হয় এমন কাজ না করা।

☞ সালিহীনদের কিতাবাদি পাঠ করা।

☞ বেশি বেশি আল্লাহর জিকির করা।

☞ শরয়ি আহকামের কিতাবাদি পাঠ ও রচনা করা।

☞ প্রয়োজন ছাড়া মুবাহ কথা না বলা। ইত্যাদি।(ফাতাওয়া ও মাসায়েল ই.ফা. ১ম খন্ড)

ইতিকাফ ভঙ্গের কারণসমূহ:

১. ইতিকাফ অবস্থায় স্ত্রীর সাথে সহবাস করা।

২. শরয়ি ও মানবীয় প্রয়োজন ছাড়া মসজিদ থেকে বের হওয়া। শরয়ি প্রয়োজন হলো: জুমার নামাজ, ফরজ গোসল ইত্যাদি। আর মানবীয় প্রয়োজন হলো : প্রস্রাব, পায়খানা ইত্যাদি।* ইমাম আবু হানিফা রহ. এর মতে, এই সকল কাজ ছাড়া মসজিদের বাহিরে গেলে ই'তিকাফ ভঙ্গ হয়ে যাবে। হোক সেটা ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃত।

৩. ইতিকাফ অবস্থায় জানাযার নামাজে অংশগ্রহণ করা ।৪. ইতিকাফ অবস্থায় রুগী দেখতে যাওয়া।

৫. যে সকল কাজ মসজিদে করা সম্ভব, ঐ সকল কাজ করার জন্য মসজিদ হতে বের হওয়া। যেমন, ঘুম, খাওয়া।৬. ইতিকাফ অবস্থায় পাগল বা বেহুশ হয়ে যাওয়া।৭. ইতিকাফ অবস্থায় কোন মহিলার মাসিক শুরু হলে ইতিকাফ নষ্ট হয়ে যাবে।

(সূত্র : হেদায়া, ফাতাওয়ায়ে শামি, ফাতাওয়ায়ে আলমগীরী)

নিষিদ্ধ কার্যাবলী:

১. ব্যবসার উদ্দেশ্যে মসজিদে ক্রয় বিক্রয় করা মাকরূহ।

২ ক্রয় বিক্রয়ের বস্তু মসজিদে উপস্থিত করা মাকরূহ। ৩.ইতিকাফ অবস্থায় কথা না বলাকে ইবাদত মনে করা মাকরূহ। তবে গুনাহ হয় এমন কথা পরিহার করা ওয়াজিব।

৪. ই'তিকাফ অবস্থায় স্ত্রীকে চুম্বন করা, স্পর্শ ও আলিঙ্গন করা বা সঙ্গম করা হারাম।

(সূত্র : ফাতাওয়ায়ে শামি ও ফাতাওয়ায়ে আলমগীরী)

পরিশেষে বলা যায়, ইতিকাফের মতো একটি বরকতময় ইবাদাতে আমাদের অংশগ্রহণ করে দুনিয়া ও আখিরাতের কল্যাণ হাসিল করা এবং মহান রাব্বুল আলামিনের সন্তুষ্টি অর্জন করা খুবই প্রয়োজন। মহান আল্লাহ তাআলা আমাদের সকলকে ইতিকাফ করার মাধ্যমে তার নৈকট্য লাভ করার তৌফিক দান করুন। আমীন।

ই‘তিকাফের শারঈ বিধান:

ই‘তিকাফ (الإعتكاف) শরী‘আত নির্দেশিত একটি ইবাদত। আল্লাহ তা‘আলা বলেন,وَعَهِدْنَا إِلَى إِبْرَاهِيْمَ وَإِسْمَاعِيْلَ أَنْ طَهِّرَا بَيْتِيَ لِلطَّائِفِيْنَ وَالْعَاكِفِيْنَ وَالرُّكَّعِ السُّجُود- ‘আর আমরা ইবরাহীম ও ইসমাঈলের কাছে নির্দেশ পাঠিয়েছিলাম এই মর্মে যে, তোমরা আমার গৃহকে তাওয়াফকারীদের জন্য, এখানে অবস্থানকারীদের জন্য এবং রুকূকারী ও সিজদাকারীদের জন্য পবিত্র রাখো’ (বাক্বারাহ ২/১২৫)। উল্লেখিত আয়াত দ্বারা প্রতীয়মান হয় যে, ই‘তিকাফের বিধান শরী‘আত সিদ্ধ ও প্রাচীন। বিধায় আল্লাহ তা‘আলা ইবরাহীম (আঃ) ও ইসমাঈল (আঃ)-কে ই‘তিকাফকারীদের জন্য আল্লাহর ঘরকে পাক-পবিত্র রাখতে বলেছেন।

নবী করীম (ছাঃ) প্রতি বছর দশ দিন ই‘তিকাফ করেন। এমনকি যে বছর তিনি মৃত্যুবরণ করেন, সে বছর তিনি বিশ দিন ই‘তিকাফ করেন। আবু হুরায়রা (রাঃ) হ’তে বর্ণিত, তিনি বলেন, يَعْتَكِفُ فِىْ كُلِّ رَمَضَانَ عَشْرَةَ أَيَّامٍ، فَلَمَّا كَانَ الْعَامُ الَّذِىْ قُبِضَ فِيهِ اعْتَكَفَ عِشْرِيْنَ يَوْمًا، ‘রাসূল (ছাঃ) প্রতি রামাযান মাসে দশ দিন ই‘তিকাফ করতেন। যে বছর তিনি মৃত্যুবরণ করেন সে বছর বিশ দিন ই‘তিকাফ করেন’।[3]

ই‘তিকাফের উদ্দেশ্য :

ই‘তিকাফের উদ্দেশ্য হ’ল আল্লাহ তা‘আলার সন্তুষ্টি অর্জন করা। নিজের গোনাহ মাফ করে নেওয়ার সবচেয়ে বড় মাধ্যম হ’ল ই‘তিকাফ। তাবেঈ মাসরূক (রহঃ) বলেন, ব্যক্তির জন্য করণীয় হ’ল সে এমন কোন স্থানে একাকী হবে, যেখানে সে নিজের গোনাহ স্মরণ করে তা হ’তে ক্ষমা প্রার্থনা করবে।[4] এক্ষেত্রে ই‘তিকাফ এক উত্তম মাধ্যম। আর এর মাধ্যমে ‘লাইলাতুল ক্বদরকে’ অন্বেষণ করা যায়।

আবু সাঈদ খুদরী (রাঃ) হ’তে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) কবদরের রাত অন্বেষণের উদ্দেশ্য তাঁর কাছে স্পষ্ট হবার পূর্বে রামাযানের মধ্যেই দশ দিন ই‘তিকাফ করলেন। দশ দিন অতিবাহিত হবার পর তিনি তাঁবু তুলে ফেলার নির্দেশ দিলেন। অতএব তা গুটিয়ে ফেলা হ’ল। অতঃপর তিনি জানতে পারেন যে, তা শেষ দশ দিনের মধ্যে আছে। তাই তিনি পুনরায় তাঁবু খাটানোর নির্দেশ দিলেন। তাবু খাটানো হ’ল। এরপর তিনি লোকদের নিকট উপস্থিত হয়ে বললেন, হে লোক সকল! আমাকে ক্বদরের রাত সম্পর্কে অবহিত করা হয়েছিল এবং আমি তোমাদের তা জানানোর জন্য বের হয়েছিলাম। কিন্তু দু’ব্যক্তি পরস্পর ঝগড়া করতে করতে উপস্থিত হ’ল এবং তাদের সাথে ছিল শয়তান। তাই আমি তা ভুলে গেছি। অতএব তোমরা তা রামাযান মাসের শেষ দশ দিনে অন্বেষণ কর।[5]

ই‘তিকাফের প্রকারভেদ :

সাধারণত রমজানের শেষ ১০ দিন ইতিকাফের প্রচলন থাকলেও সারা বছর ইতিকাফ করা যায়। ইসলামী বিধানে ইতিকাফের তিনটি প্রকার রয়েছে। তাহলো-

১. ওয়াজিব : ওয়াজিব ইতিকাফ হলো, মানতের ইতিকাফ; অর্থাৎ কেউ যদি মানত করে, 'আমার কাজটি সুচারুরূপে সম্পন্ন হলে আমি আল্লাহর শুকরিয়া আদায়ার্থে তাঁর সন্তুষ্টি অর্জনের উদ্দেশ্যে ইতিকাফ করব।' কাজটি সুচারুরূপে সম্পন্ন হয়ে গেলে অবশ্যই ইতিকাফ করতে হবে। এই ইতিকাফের জন্য রোজা রাখা শর্ত। রোজা ছাড়া এই ইতিকাফ আদায় হবে না।ওয়াজিব ই‘তিকাফ হ’ল, যা ই‘তিকাফকারী নিজের উপর আবশ্যক করে নেয়। যেমন যদি কেউ কোন ভালো কাজের উদ্দেশ্যে ই‘তিকাফ করার মানত করে তাহ’লে তার মানত পূরণ করা আবশ্যক। ইবনু ওমর (রাঃ) বলেন, أَنَّ عُمَر سَأَلَ النَّبِىُ صَلَّ اللهُ علَيْهِ وَسَلَّمَ قَالَ كُنْتُ نَذَرْتُ فِي الجَاهِلِيَةِ أَنْ أَعْتَكِفَ لَيلةً فِي الْمَسْجِدِ الْحَرامِ قَالَ فَأَوْفِ بِنَذْرِك- ‘ওমর (রাঃ) নবী করীম (ছাঃ)-কে জিজ্ঞেস করেন যে, আমি জাহেলী যুগে মসজিদুল হারামে এক রাত ই‘তিকাফ করার মানত করেছিলাম (আমি কি তা পূরণ করব?) নবী করীম (ছাঃ) বললেন, তোমার মানত পূরণ কর’।(7)

কোনো মান্নতের দরুণ ওয়াজিব হয়। যেমন কেউ বললো, এ কাজটি সমাধা হলে এত দিনের ই'তিকাফ করবো অথবা আমার ওপর এত দিনের ই'তিকাফ জরুরি করে নিলাম। অর্থাৎ অবশ্যই এত দিনের ই'তিকাফ করবো।

ইয়া'লা বিন উমায়্যা র. বর্ণনা করেন,

عن يعلى بن أمية رضي الله عنه : إني لأمكث في المسجد الساعة، وما أمكث إلا لأعتكف

আমি মসজিদে কিছু সময়ের জন্য অবস্থান করি শুধু ই'তিকাফ করার উদ্দেশে। মুসান্নাফ আব্দুর রজ্জাক:৮০০৬, ইবনু আবী শাইবা:৩/৮৯, আখবারু মাক্কা: ১২৭৯ সনদ সহীহ

২. সুন্নতে মুয়াক্কাদা : সুন্নতে মুয়াক্কাদা ইতিকাফ হলো, মাহে রমজানের শেষ দশকের ইতিকাফ। এটি মহল্লাবাসীর পক্ষ থেকে কমপক্ষে একজন মানুষ হলেও আদায় করতে

হবে। নতুবা সবাই গুনাহগার হবে।এটি সর্বসম্মতক্রমে সুন্নাত। ইমাম আহমাদ রহ. বলেন, আমার জানামতে কোনো

আলিম সুন্নাত হওয়ার ব্যাপারে দ্বিমত পোষণ করেননি। মাসাইলু আহমাদ লি আবী দাউদ:পৃ. ৯৭সুন্নাত ই‘তিকাফ হ’ল যেটা রাসূল (ছাঃ), তাঁর স্ত্রীগণ এবং ছাহাবায়ে কেরাম করেছেন। আয়েশা (রাঃ) বলেন, اَنَّ النَّبِيَ النَّبِىُ صَلَّ اللهُ علَيْهِ وَسَلَّمَ كَانَ يَعْتَكِفُ الْعَشْرَ الأَوَاخِرِ مِنْ رَمَضَانَ حَتَّى تَوَفَّاهُ اللهُ، ثُمَّ اِعْتَفَ اَزْوَاجُهُ مِنْ بَعْدِه - ‘রাসূল (ছাঃ) মৃত্যু পর্যন্ত রামাযান মাসের শেষ দশ দিন ই‘তিকাফ করেছেন। অতঃপর তাঁর পরে তাঁর স্ত্রীগণ ই‘তিকাফ করেছেন’।(৪)

৩. মুস্তাহাব : মুস্তাহাব ইতিকাফ হলো, কিছুক্ষণের জন্য ইতিকাফের নিয়ত করে মসজিদে অবস্থান করা। এটা অত্যন্ত বরকতময় ও সওয়াবের কাজ। এর জন্য কোনো সময় নির্দিষ্ট নেই। যতক্ষণ ইচ্ছা ই'তিকাফ করা যায়। উলামায়ে কিরাম বলেন, যখনই মসজিদে প্রবেশ করবে তখনই ই'তিকাফের নিয়্যত করবে, যাতে ই'তিকাফের সওয়াব পাওয়া যায়।স্বাভাবিকভাবে সবাই মসজিদে প্রবেশ করার সময় ইতিকাফের নিয়ত করলে ইতিকাফও আদায় হবে, সওয়াব পাওয়া যাবে। (বেহেশতি জেওর : ২৭০)

ই‘তিকাফের স্থান :

মসজিদেই ই‘তিকাফ করতে হবে। কেননা আল্লাহ তা‘আলা বলেন, وَلَا تُبَاشِرُوْهُنَّ وَأَنْتُمْ عَاكِفُوْنَ فِي الْمَسَاجِدِ- ‘আর যতক্ষণ তোমরা ই‘তিকাফ অবস্থায় মসজিদে অবস্থান কর, ততক্ষণ পর্যন্ত স্ত্রীদের সাথে মেলামেশা কর না’ (বাক্বারাহ ২/১৮৭)।

রাসূল (ছাঃ) মসজিদে ই‘তিকাফ করতেন। তদ্রূপ তাঁর স্ত্রীগণ মসজিদে ই‘তিকাফ করেছিলেন। আয়েশা (রাঃ) বলেন, كَانَ النَّبِيَ النَّبِىُّ صَلَّ اللهُ عَلَيْهِ وَسَلَّم يُصْغِى اِلَى رَاسِهِ وَهُوَ مُجَاوِرُ فِى الْمَسْجِدِ فَأَرَجِّلُهُ وَاَنَا حَائِضٌ، ‘মসজিদে ই‘তিকাফরত অবস্থায় নবী করীম (ছাঃ) আমার দিকে তাঁর মাথা ঝুঁকিয়ে দিতেন আর আমি ঋতুবতী অবস্থায় তাঁর চুল আঁচড়িয়ে দিতাম’।[9]

যে কোন মসজিদে ই‘তিকাফ করা জায়েয।[10] কেননা আল্লাহ তা‘আলা সাধারণভাবে (فِى الْمَسَاجِدِ) ‘মসজিদ সমূহে’ (বাক্বারাহ ২/১৮৭) উল্লেখ করেছেন। আব্দুল্লাহ ইবনু আববাস এবং হাসান (রাঃ) হ’তে বর্ণিত হাদীছে এসেছে যে, ছালাত (তথা জামা‘আত) হয়, এরূপ মসজিদ ব্যতীত ই‘তিকাফ হবে না।[11]

ই‘তিকাফকারীর মসজিদে প্রবেশ ও বের হওয়া : ই‘তিকাফ স্থলে সূর্যাস্তের পূর্বে প্রবেশ করবে এবং ঈদের আগের দিন বাদ মাগরিব বের হবে। রাসূল (ছাঃ) রামাযানের শেষ দশকে ই‘তিকাফ করতেন।[12] আর শেষ দশক বলতে শেষ দশ রাত্রিকে বুঝানো হয় (সূরা ফজর ২)। আর ২০ তারিখ সুর্যাস্তের মাধ্যমে ২১ তারিখ শুরু হয় এবং ১লা শাওয়ালের চন্দ্রোদয়ের মাধ্যমে শেষ হয়। কোন কোন বিদ্বান আয়েশা (রাঃ) কর্তৃক রাসূল (ছাঃ) ই‘তিকাফের ইচ্ছা করলে ফজরের ছালাত আদায় করার পর তাঁর ই‘তিকাফস্থলে প্রবেশ করতেন[13] মর্মে বর্ণিত হাদীছটি থেকে ফজরের পর ই‘তিকাফ শুরুর ব্যাপারে মত প্রকাশ করলেও তার জবাবে ওলামায়ে কেরাম বলেন, রাসূল (ছাঃ) আগের দিন সূর্যাস্তের সময় মসজিদে প্রবেশ করে ফজর পর্যন্ত সেখানেই অবস্থান করতেন এবং এরপর স্বীয় ই‘তিকাফস্থলে একাকী হ’তেন।[14]

মহিলাদের ই‘তিকাফের বিধান :

মহিলাদের জন্য ই‘তিকাফ করা শরী‘আত সম্মত। রাসূলুল্লাহ (ছাঃ)-এর স্ত্রী আয়েশা (রাঃ) বলেন, أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم ذَكَرَ أَنْ يَعْتَكِفَ الْعَشْرَ الأَوَاخِرَ مِنْ رَمَضَانَ، فَاسْتَأْذَنَتْهُ عَائِشَةُ فَأَذِنَ لَهَا، ‘রাসূলুল্লাহ (ছাঃ) রামাযান মাস শেষ দশদিন ই‘তিকাফ করবেন বলে উল্লেখ করলেন। তখন আয়েশা (রাঃ) তাঁর কাছে ই‘তিকাফের অনুমতি চাইলে তিনি তাকে অনুমতি দিলেন।[15] তিনি আরো বলেন, اَنَّ النَّبِيَ النَّبِىُ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَعْتَكِفُ العَشْرَ الأَوَاخِرِ مِنْ رَمَضَانَ حَتَّى تَوَفَّاهُ اللهُ، ثُمَّ اِعْتكَفَ اَزْوَاجُهُ مِنْ بَعْدِه، ‘রাসূলুল্লাহ (ছাঃ) মৃত্য পর্যন্ত রামাযান মাসের শেষ দশদিন ই‘তিকাফ করেছেন। অতঃপর তাঁর পর তাঁর স্ত্রীগণ ই‘তিকাফ করেছেন’।[16] অতএব নিরাপদ পরিবেশ ও পৃথক ব্যবস্থাপনা থাকলে মহিলারাও ই‘তিকাফ করতে পারবে।

ই‘তিকাফ করার ক্ষেত্রে মহিলাদের জন্য শর্ত :

ক. স্বামীর অনুমতি : স্বামীর অনুমতি ব্যতীত মহিলারা ই‘তিকাফ করতে পারবে না। যেমন আয়েশা (রাঃ) ই‘তিকাফের জন্য রাসূলুল্লাহ (ছাঃ)-এর কাছে অনুমতি প্রার্থনা করছিলেন। তদ্রূপ হাফছাহ ও যায়নাব (রাঃ)ও অনুমতি চেয়েছিলেন।[17]

খ. ফিৎনার আশংকা না থাকা : মহিলার জন্য ই‘তিকাফ করা বৈধ হবে না, যদি তার ব্যাপারে কোন আশংকা কিংবা তার কারণে অন্য কোন পুরুষ ফিৎনায় পড়ার আশংকা থাকে। সব ধরনের ফিৎনা থেকে নিরাপদ হ’লে মহিলাদের ই‘তিকাফ করা বৈধ হবে।[18]

মহিলাদের জন্য পর্দা দিয়ে মসজিদে আলাদা ব্যবস্থা করতে হবে। রাসূল (ছাঃ)-এর স্ত্রীগণ যখন ই‘তিকাফ করতেন তখন মসজিদে তাদের জন্য আলাদা তাঁবু টাঙ্গানো হ’ত। কেননা মসজিদে পুরুষরা ছালাতের জন্য উপস্থিত হয়। তাই মসজিদে মহিলাদের জন্য এমন স্থান নির্ধারণ প্রয়োজন যেখানে পুরুষরা তাদেরকে দেখতে পাবে না। মূলতঃ মহিলাদের জন্য আলাদা ব্যবস্থা থাকাই উত্তম।[19]

যেসব কাজ করলে ই‘তিকাফ বাতিল হয় :

নিম্নোক্ত কাজের যে কোন একটি করলে ই‘তিকাফ ভঙ্গ হয়ে যাবে। যেমন-

(ক) স্ত্রী সহবাস : স্ত্রী সহবাস করলে ই‘তিকাফ বাতিল হয়ে যাবে।[20] আল্লাহ তা‘আলা বলেন,وَلَا تُبَاشِرُوهُنَّ وَأَنْتُمْ عَاكِفُونَ فِي الْمَسَاجِدِ ‘আর তোমরা স্ত্রীগমন করো না যখন তোমরা মসজিদে ই‘তেকাফ অবস্থায় থাক’ (বাক্বারাহ ২/১৮৭)।

(খ) শারঈ ওযর ব্যতীত মসজিদ থেকে বের হওয়া : ই‘তিকাফকারী কোন অবস্থাতেই মসজিদ থেকে বের হবে না। তবে পানাহার, প্রস্রাব-পায়খানা এবং শারঈ কোন ওযর থাকলে বের হ’তে পারবে। আয়েশা (রাঃ) বলেন, كَانَ النَّبِيَ النَّبِىُ صَلَّ اللهُ علَيْهِ وَسَلَّم يُصْغِى اِلَى رَاسِهِ وَهُوَ مُجَاوِرُ فِى الْمَسْجِدِ فَأَرَجِّلُهُ وَاَنَا حَائِض، ‘মসজিদে ই‘তিকাফ অবস্থায় নবী করীম (ছাঃ) আমার দিকে তাঁর মাথা ঝুকিয়ে দিতেন আর আমি ঋতুবতী অবস্থায় তাঁর চুল আঁচড়িয়ে দিতাম’।[21] তিনি আরো বলেন,

اَلسُّنَّةُ عَلَى المُعْتَكِفِ : اَنْ لاَ يَعُوْدَ مَرِيْضًا، ولاَ يَشْهَدَ جَنَا زَةً، وَلاَ يَمَسَّ إِمْرَأَةً، وَلا يُبَاشِرَهَا، وَلَا يَخْرُجَ لِحَاجَةٍ،اِلاَّ لمَا لَابُدَّ مِنهُ، وَلَا اِعْتِكَاف اِلَّا بِصَوْمٍ، وَلَا اِعْتِكَاف اِلَّافِى مَسْجِدٍ جاَمِع،

ই‘তিকাফকারীর জন্য সুন্নাত হচ্ছে, সে কোন রোগীর সেবা করতে মসজিদ থেকে বের হবে না। কোন জানাযায় উপস্থিত হবে না। স্ত্রীর সাথে সহবাস করবে না। (শারঈ) প্রয়োজন ব্যতীত মসজিদ থেকে বের হবে না। ছিয়াম ব্যতীত কোন ই‘তিকাফ নেই। জামে মসজিদ ব্যতীত কোন ই‘তিকাফ নেই।[22]

ই'তিকাফকারীর জন্য যা বৈধ :

ক. মসজিদের একাংশে তাঁবু টাঙ্গানো : রাসূলুল্লাহ (ছাঃ) যখন ই'তিকাফের ইচ্ছা করতেন তখন আয়েশা (রাঃ) মসজিদে তাঁবু টাঙ্গিয়ে দিতেন।[23] মসজিদের পিছন দিকে ই'তিকাফকারী ছোট্ট তাঁবু টানিয়ে সেখানে ই'তিকাফ করতে পারবে। কেননা রাসূলুল্লাহ (ছাঃ) যখন ই'তিকাফ করতেন, তখন আয়েশা (রাঃ) তাঁর জন্য একটি তাঁবু (خِبَاءً) তৈরি করে দিতেন। আর এটি তিনি রাসূল (ছাঃ)-এর নির্দেশেই করতেন।[24] তিনি একবার একটি তুর্কী তাঁবুতে ই'তিকাফ করেছিলেন। যার দরজায় একটি চাটাই ঝুলানো ছিল।[25]

খ. মসজিদে ওযূ ও গোসল করা : রাসূল (ছাঃ)-এর খাদেম আনাস (রাঃ) বলেন, تَوَضَّأَ النَّبِىُّ صَلَّ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فِى الَمَسْجِدِ وُضُوْءًا خَفِيْفًا، 'রাসূলুল্লাহ (ছাঃ) খুব অল্প পানি খরচ করে মসজিদে ওযূ করেছেন।[26]

গ. মসজিদে বিছানার ব্যবস্থা করা : ই'তিকাফকারীর জন্য মসজিদে বিছানা বিছানো যায়। আবু সাঈদ খুদরী (রাঃ) থেকে ইঙ্গিত পাওয়া যায়, فَلَمَّا كَانَ صَبِيحَةَ عِشْرِيْنَ نَقَلْنَا مَتَاعَنَا- 'একুশতম দিনের সকালে আমরা আমাদের বিছানা পত্র সরিয়ে দিলাম'।[27]

ঘ. শারঈ প্রয়োজনে মসজিদ থেকে বের হওয়া : মসজিদে পেশাব-পায়খানার ব্যবস্থা না থাকলে প্রস্রাব-পায়খানার জন্য মসজিদ থেকে বের হওয়া যাবে। এছাড়া শারঈ কোন

প্রয়োজনে বের হওয়া যাবে।[28]

ঙ. স্ত্রীর সাথে কথা বলা : রাসূলুল্লাহ (ছাঃ) তাঁর স্ত্রী ছাফিয়া (রাঃ)-এর সাথে কথা বলেছেন। ছাফিয়া (রাঃ) বলেন, রামাযান মাসের শেষ দশ দিনে তিনি একবার রাসূলুল্লাহ (ছাঃ)-কে দেখতে আসলেন। রাসূলুল্লাহ (ছাঃ) তাঁর সাথে অনেক্ষণ কথা বললেন। এরপর তিনি উঠে গেলে রাসূলুল্লাহ (ছাঃ) তাঁর সাথে উঠলেন এবং মসজিদের দরজা পর্যন্ত এগিয়ে দিলেন।[29]

ঙ. মুস্তাহাযা মহিলার ই'তিকাফ করা জায়েয : মুস্তাহাযা মহিলার ই'তিকাফ করা জায়েয। তবে তাকে খুব সতর্কতা অবলম্বন করতে হবে যেন মসজিদে নাপাকী না লাগে।

আয়েশা (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ছাঃ)-এর সাথে তাঁর এক মুস্তাহাযা স্ত্রী ই‘তিকাফরত অবস্থায় ছিলেন। তাঁর লাল ও হলুদ বর্ণের রক্ত প্রবাহিত হ’ত। ছালাত আদায়কালে আমরা অনেক সময় তাঁর নীচে পাত্র রাখতাম।[30]

ই'তিকাফকারীর শিষ্টাচার :

ই'তিকাফকারীর জন্য করণীয় হ'ল, সর্বদা আল্লাহ তা'আলার ধ্যানে মগ্ন থেকে বেশী বেশী ছালাত আদায়, ক্বুরআন তেলাওয়াত, যিকির এবং আল্লাহর নিকট ইস্তিগফার বা ক্ষমা প্রার্থনা করা। বিশেষ করে বেজোড় রাত্রিগুলোতে লায়লাতুল ক্বদর অন্বেষণ করা। শুধু ঘুমালে ই'তিকাফের উদ্দেশ্য হাছিল হবে না। অনেককে দেখা যায়, ই'তিকাফে বসে দুনিয়াবী অহেতুক কথা, কাজ বা খোশ-গল্পে মত্ত থাকে, যা ই'তিকাফের বৈশিষ্ট্য পরিপন্থী। রাসূলুল্লাহ (ছাঃ) ও ছাহাবীগণের ই'তিকাফ এরূপ ছিল না।

রেফারেন্স:

[1]. ফিক্বহুস্ সুন্নাহ্ ১ম খন্ড, (কায়রো, মিশর : দারুল ফাতাহ), পৃঃ ৫৩৯।

[2]. আল-মিছবাহুল মুনীর ২/৪২৪; লিসানুল আরব ৯/২৫২।

[3]. বুখারী হা/২০৪৪; ছহীহ ইবনু খুযাইমা হা/২২২১।

[4]. সিলসিলা আছারুছ ছহীহাহ, আছার নং ৩৪৫।

[5]. বুখারী হা/২০১৮; মুসলিম হা/১১৬৭।

[6]. ফিকহুস্ সুন্নাহ, ১/৫৪০ পৃঃ।

[7]. বুখারী হা/২০২৬; মুসলিম হা/১১৭২।

[8]. বুখারী হা/২০৩২।

[9]. বুখারী হা/২০২৮; মুসলিম হা/২৯৭)।

[10]. ছহীহ্ ফিকহুস্ সুন্নাহ্ পৃঃ ১৫১।

[11]. বায়হাক্বী হা/৮৩৫৫, ৪/৩১৬; বিস্তারিত দ্রঃ মির‘আত হা/২১২৬-এর আলোচনা ৬/১৬৪-১৬৬।

[12]. বুখারী হা/২০২৫, মুসলিম; মিশকাত হা/২০৯৭।

[13]. আবুদাঊদ হা/২৪৬৪, ইবনু মাজাহ হা/১৭৭১।

[14]. নববী, শরহ মুসলিম ৮/৬৮, ফিক্হুস সুন্নাহ ২/৪৩৭।

[15]. বুখারী হা/২০৪১-৪৫।

[16]. বুখারী হা/২০২৬; মুসলিম হা/১১৭২।

[17]. বুখারী হা/২০৩৩, ২০৪১-৪৫; মুসলিম হা/১১৭২-৭৩।

[18]. ছহীহ্ ফিকহুস্ সুন্নাহ্ পৃঃ ১৫২।

[19]. ফিকহুস্ সুন্নাহ লিন্নিসা (মাকতাবাতুত্ তাওফিকিয়্যাহ), পৃঃ ২৪৭।

[20]. তাফসীরে কুরতুবী, বিদয়াতুল মুজতাহিদ ১/৪৭০; ফতহুল বারী ৪/২৭২; আস-সায়লুল জারার ২/১৩৬।

[21]. বুখারী হা/২০২৮।

[22]. আবু দাউদ হা/২৪৭৩ সনদ ছহীহ; বায়হাক্বী ৪/৩১৫।

[23]. বুখারী হা/২০৩৩।

[24]. বুখারী, হা/২০৩৩; মুসলিম, হা/১১৭৩।

[25]. মুসলিম, হা/১১৬৭; ছহীহ ইবনে খুযায়মা হা/২১৭১, ২২১৯।

[26]. ছহীহ্ আহমাদ ৫/৩৬৪।

[27]. বুখারী হা/২০৪০।

[28]. আবূদাঊদ হা/২৪৭৩।

[29]. বুখারী হা/২০৩৫; ছহীহ্ মুসলিম, হা/২১৭৫।

[30]. বুখারী হা/৩০৯; সুনান দারেমী হা/৮৭৭।

শামী:৩/৪২৮

ই'তিকাফের ফাযাইল:

ই'তিকাফ বলে, ইবাদতের নিয়্যতে পবিত্র অবস্থায় পুরষগণ জামাতের মসজিদে আর মহিলাগণ ঘরের মসজিদে অবস্থান করাকে। দুররু মুখতার ও ই'তিকাফের মূল উদ্দেশ্য হলো, সংসার জগতের সমস্ত মায়াজাল ছিন্ন করে অন্তরকে একমাত্র আল্লাহর ধ্যানেই মগ্ন করা। স্বীয় নক্সকে আল্লাহ তাআলার নিকট সোপর্দ করে মনিবের দুয়ারে পড়ে থাকা।

ই'তিকাফের নিয়ম ইসলামেরও পূর্বের থেকে চলে আসছে। ইরশাদ হচ্ছে,

وَعَهِدْنَا إِلَى إِبْرَاهِيمَ وَإِسْمَاعِيلَ أَنْ طَهِّرَا بَيْتِيَ لِلطَّائِفِينَ وَالْعَاكِفِينَ وَالرُّكَّعِ السُّجُود. এবং আমি ইবরাহীম ও ইসমাঈলের নিকট অঙ্গিকার নিয়েছিলাম, তোমরা আমার গৃহকে তাওয়াফকারী ও ই'তিকাফকারী এবং রুকু ও সাজদাকারীদের জন্য পবিত্র রেখো। সূরা বাকারা: ১২৫

وَلَا تُبَاشِرُوهُنَّ وَأَنْتُمْ عَاكِفُونَ فِي الْمَسَاجِدِ تِلْكَ حُدُودُ اللَّهِ فَلَا تَقْرَبُوهَا.

তোমরা মসজিদে ই'তিকাফ করার সময় স্ত্রীদের সাথে মিলন করো না। এটাই আল্লাহর সীমা, অতএব তোমরা সে সীমার নিকটেও যাবে না। সূরা বাকারা: ১৮৭ নবুওয়াতের পূর্বে নবীজী স. ও তাঁর পূর্ব

পুরষগণ গারে হিরায় ই'তিকাফ করতেন। ই'তিকাফের কিছু ফযীলতও বর্ণিত হয়েছে, তবে সর্বোপরি হচ্ছে, নবীজী স. মৃত্যু পর্যন্ত প্রতি রমাযানে ই'তিকাফ করেছেন। পূর্বে বর্ণিত হয়েছে, লাইলাতুল কদর রমাযানের শেষ দশকে হয়। ই'তিকাফ করলে এটি পাওয়ার সম্ভবনা বেশি। তাই তো নবীজী স. শেষ দশক শুরু হলে নিজে খুব ভালোভাবে প্রস্তুতি নিতেন। ১. আয়িশা র. বর্ণনা করেন,

-صلى الله عليه وسلم - كَانَ يَعْتَكِفُ الْعَشْرَ الأَوَاخِرَ مِنْ رَمَضَانَ حَتَّى تَوَفَّاهُ اللهُ عَزَّوَجَلَّ ثُمَّ اعْتَكَفَ أَزْوَاجُهُ مِنْ بَعْدِهِ.

أَنَّ النَّبِي ّ َ নবীজী স. মৃত্যু পর্যন্ত রমাযানের শেষ দশকে ই'তিকাফ করতেন, নবীজী স.-এর পর তাঁর স্ত্রীগণ ই'তিকাফ করতেন। বুখারী: ২০২৬, মুসলিম: ২৮৪১, আবু দাউদ: ২৪৬৪ সনদ সহীহ

২. উবাই বিন কা'ব র. বর্ণনা করেন,

أَنَّ النبي صلى الله عليه وسلم كَانَ يَعْتَكِفُ الْعَشْرَ الأَوَاخِرَ مِنْ رَمَضَانَ فَسَافَرَ عَامًا فَلَمْ يَعْتَكِفْ فَلَمَّا كَانَ مِنْ قَابِلٍ اعْتَكَفَ عِشْرِينَ يَوْمًا.

নবীজী স. রমাযানের শেষ দশকে ই'তিকাফ করতেন, এক বছর সফর করলেন, তাই ই'তিকাফ করেন নি। আগামি বছরে বিশ দিন ই'তিকাফ করলেন। আহমাদ: ২১৩১৪, আবু দাউদ: ২৪৬৩, নাসায়ী কুবরা: ৮৮২৭, ইবনু হিব্বান: ৩৬৬৩, ইবনু খুযাইমা: ২২২৫, ইবনু মাজা:১৭৭০, মুসতাদরকু হাকিম: ১৬০২সনদ সহীহ ৩. আয়িশা র. বর্ণনা করেন,

قَالَتْ عَائِشَةُ رضى الله عنها كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَجْتَهِدُ فِي الْعَشْرِ الأَوَاخِرِ ِمَا لاَ يَجْتَهِدُ فِي غَيْرِه. রসূলুল্লাহ স. শেষ দশকে যে পরিমাণ ইবাদতের জন্য মেহনত করতেন অন্য সময় তা করতেন না। মুসলিম: ২৮৪৫, তিরমিযী: ৭৯৬, ইবনু খুযাইমা: ২২১৫, আহমাদ: ২৬২৩১ সনদ সহীহ

৪. আয়িশা র. বর্ণনা করেন,

عَنْ عَائِشَةَ رضى الله عنها قَالَتْ كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم إِذَا دَخَلَ الْعَشْرُ أَحْيَا َاللَّيْلَ وَأَيْقَظَ أَهْلَهُ وَجَدَّ وَشَدَّ الْمِئْزَر . যখন রমাযানের শেষ দশক শুরু হতো তখন নবীজী স. রাত জাগতেন, স্ত্রীদের জাগ্রত করতেন এবং ইবাদতে মেহনত করতেন- লুঙ্গি বেঁধে নিতেন। বুখারী: ২০২৪, মুসলিম: ২৮৪৪, আবু দাউদ: ১৩৭৮ সনদ সহীহ

৫. ইবনু আব্বাস র. থেকে বর্ণিত, নবী কারীম স. ইরশাদ করেন,

أن رسول الله صلى الله عليه وسلم قَالَ فِي الْمُعْتَكِفِ هُوَ يَعْكِفُ الذُّنُوْبَ وَيُجْرَي لَهُ مِنَ الْحَسَنَاتِ كَعَامِلِ الْحَسَنَاتِ كُلِّهَا ই'তিকাফকারী যাবতীয় গুনাহ থেকে মুক্ত থাকে এবং তার জন্য ঐ পরিমাণ নেকি লিখা হয়, যা আমলকারীর জন্য লিখা হয়। ইবনু মাজা: ১৭৮১ সনদে

সামান্য দুর্বলতা আছে।

৬. ইবনু আব্বাস র. থেকে বর্ণিত, নবী কারীম স. ইরশাদ করেন,

ِمَنِ اعْتَكَفَ يَوْمًا اِبْتِغَاءَ وَجْهِ اللهِ جَعَلَ اللَّهُ بَيْنَهُ وَبَيْنَ النَّارِ ثَلَاثَةَ خَنَادِقَ أَبْعَدَ مِمَّا بَيْنَ الْخَافِقَيْنِ

যে ব্যক্তি আল্লাহ তাআলার সন্তুষ্টির জন্য এক দিন ই'তিকাফ করবে আল্লাহ তাআলা তার এবং জাহান্নামের মাঝে তিন খন্দক দুরত্ব সৃষ্টি করবেন। এক

খন্দক হচ্ছে পূর্ব-পশ্চিম প্রান্ত বা আসমান-জমিনের মধ্যবর্তী দূরত্ব থেকেও অধিক।

তবারনী আউসাত: ৭৩২৬, বাইহাকী শুআবুল ঈমান: ৩৯৬৫, হাকিম, কান্য: ২৪০১৯ হাইছামী রহ. সনদ জায়্যিদ-ভালো বলেছেন। ৭. হুসাইন বিন আলী র. থেকে বর্ণিত, নবী কারীম স. ইরশাদ করেন,

ِاعْتِكَافُ عَشْرٍ فِي رَمَضَانَ كَحَجَّتَيْنِ وعُمْرَتَيْنِ

রমাযানের দশ দিনের ই'তিকাফ দুই হজ্ব ও দুই উমরার মতো।

তবারানী কাবীর: ২৮৮৮, বাইহাকী শুআবুল ঈমান: ৩৯৬৬, কান্য: ২৪০০৬, মাজমা': ৫০২৫, আল ফাতুহুল কাবীর: ১৯৬৫। সনদ অত্যান্ত দুর্বল, তবে এর মর্মার্থ ঠিক আছে, কেননা শেষ দশকে ই'তিকাফের দরুন লাইলাতুল কদর নসীব হলে হাজার মাস ইবাদত করা অপেক্ষা উত্তম, যার সওয়াব নিঃসন্দেহে দুই হজ্ব-উমরা থেকে অনেক গুণে বেশি। ফাইযুল ক্বদীর লিল মুনাবী রহ.।

৮. আয়িশা র. থেকে বর্ণিত, নবী কারীম স. ইরশাদ করেন,

ِمنِ اعْتَكَفَ إِيمَاناً وَاحْتِسَاباً غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِه

যে ব্যক্তি ঈমান ও সওয়াবের আশায় ই'তিকাফ করবে তার পূর্ববর্তী যাবতীয় গুনাহ মাফ হবে। জামে সগীর: ৮৪৮০, দীলামী: ৭৯৮১, কান্য: ২৪০০৭ সনদে মাজহুল রাবী থাকায় দুর্বল।

ওয়াজিব, সুন্নাতে মুআক্কাদাহ কিফায়া এবং নফল। শামী:৩/৪৩০

রমাযানের ই'তিকাফ নফল নাকি ওয়াজিবের অন্তর্ভুক্ত রমাযানের শেষ দশকে যে ই'তিকাফ করা হয়, তা এক দিক দিয়ে নফলের মতো আরেক দিক দিয়ে ওয়াজিবের মতো। নফল যেমন সবাইকে করতে হয়, যার মনে চায় সে করবে তেমনি শেষ দশকের ই'তিকাফও যার ইচ্ছা সে করবে। এ কারণে কিছু কিতাবে সুন্নাত ই'তিকাফকেও নফলের মধ্যে গণ্য না করেছেন। ওয়াজিব ই'তিকাফ যেমন পালনীয় তেমনিভাবে শেষ দশকের ই'তিকাফও একজনকে হলেও পালন করতে হয়, নতুবা সবাই গুনাহগার হয়। ওয়াজিব ই'তিকাফে যেমন মসজিদ থেকে বের হওয়া যায় না, তেমনিভাবে হাদীছে শেষ দশকের ই'তিকাফে প্রয়োজন ছাড়া বের হতে নিষেধ করা হয়েছে। আবার

শুরু করার দ্বারা সেটি জরুরি হয়ে যায়, এদিকে লক্ষ্য করে শেষ দশকের ই'তিকাফের হুকুমগুলি ওয়াজিবের মতো। অনেক কিতাবে একটির হুকুম

আরেকটির সঙ্গে যুক্ত করায় পাঠকগণ বিভ্রান্তিতে পড়ে যায়। তাই বিষয়টি ভালোভাবে মনে রাখা উচিত।

উমদাতুলকারী শরহে বুখারী এবং ফাতাওয়ায় শামীতে নফলের মধ্যে সুন্নাতকে গণ্য করায় অনেকে মনে করেন যে, সুন্নাত ই'তিকাফের সব হুকুমও নফলের মতোই যেমন, মসজিদে থেকে বের হওয়া ইত্যাদি। মূলত বিষয়টি এমন নয়।

ফুকাহায়ে কিরাম শেষ দশকের ই'তিকাফের জন্য চারটি শব্দ ব্যবহার করে থাকেন: ক. কুরবাতে মাশরূআহ। খ. সুন্নাত। গ. ইস্তিহ্বাব। ঘ. নফল। এ চারটির মধ্যে কোনো বিরোধ নেই। কেননা কুরবাতে মাশরূআহ দ্বারা উদ্দেশ্য জায়িয ইবাদতসমূহ, এর মধ্যে ওয়াজিব, সুন্নাত, মুস্তাহাব ও নফল সবই অন্তর্ভুক্ত। যারা সুন্নাত বলেছেন তারা মূলত মূল হুকুমটিই বর্ণনা করেছেন, কেননা শেষ দশকের ই'তিকাফ সুন্নাতে মুআক্কাদাহ। ইসতিহ্বাব হচ্ছে পছন্দনীয় আমল। এর ব্যবহার সুন্নাতে মুআক্কাদাহ, যায়িদাহ এবং নফলের ক্ষেত্রেও হয়ে থাকে। সুতরাং ইসতিহবাবের মধ্যেও সুন্নাত অন্তর্ভুক্ত আছে। নফল অনেক ক্ষেত্রে ফরযের মোকাবালায় আসে, তখন নফলের মধ্যে ফরয ব্যতিত সুন্নাত, মুস্তাহাব ইত্যাদি সবই অন্তর্ভুক্ত থাকে। তাই ফাতওয়ার কিতাবে যেখানে নতফল বলা হয়েছে সেখানে ফরয ব্যতিত উদ্দেশ্য। সুতরাং এর মধ্যেও সুন্নাত নিহীত। কাসিমিয়্যা: ১১/৫৮৩

ই'তিকাফের মাসাইল:

১. ই'তিকাফ নষ্ট হলে হুকুম: সুন্নাত ই'তিকাফ ভেঙ্গে গেলে পরবর্তীতে তার কাযা করতে হবে কি না? এ ব্যাপারে মতভেদ আছে। কেউ বলেন, এর কাযা জরুরি নয় তবে করা ভালো। পক্ষান্তরে অনেকে বলেন, রোযা অবস্থায় তার কাযা করা জরুরি। এর ওপরই ফাতওয়া। আরেকটি বিষয় হচ্ছে, একদিনের ই'তিকাফ নষ্ট হলে কত দিনের ই'তিকাফ করতে হবে। শুধু ঐ দিনের নাকি পুরা দশ দিনের। গ্রহণযোগ্য মতানুসারে শুধু ঐ দিনের ই'তিকাফের কাযা করলেই যথেষ্ট। তবে একটি নষ্ট করলেও পুরা দশ দিনের কাযা করা উত্তম। শামী: ৩/৪৩৪, হিন্দিয়া: ১/২১৩ (أما النفل) قوله: أي الشامل للسنة المؤكدة ح . قلت : قدمنا ما يفيد اشتراط الصوم فيها بناء على أنها مقدرة بالعشر الاخيرة، ومفاد التقدير أيضا اللزوم بالشروع. تأمل. ثم رأيت المحقق ابن الهمام قال : ومقتضى النظر لو شرع في المسنون : أعني العشر الاواخر بنيته ثم أفسده أن يجب قضاؤه تخريجا على قول أبي يوسف في الشروع في نقل الصلاة ناويا أربعا لا على قولهما اه: أي يلزمه قضاء العشر كله لو أفسد بعضه كما يلزمه قضاء أربع لو شرع في نفل ثم أفسد الشفع الاول عند أبي يوسف، لكن صحح في الخلاصة أنه لا يقضي إلا ركعتين كقولهما، نعم اختار في شرح المنية قضاء الاربع اتفاقا في الراتبة كالاربع قبل الظهر والجمعة، وهو اختيار الفضلى، وصححه في النصاب، وتقدم تمامه في النوافل، وظاهر الرواية خلافه، وعلى كل فيظهر من بحث ابن الهمام لزوم الاعتكاف المسنون بالشروع، وإن لزوم قضاء جميعه أو باقيه مخرج على قول أبي يوسف، أما على قول غيره فيقضي اليوم الذي أفسده لاستقلال كل يوم بنفسه، وإنما قلنا : أي باقية بناء على أن الشروع ملزم كالنذر وهو لو نذر العشر يلزمه كله متتابعا، ولو أفسد بعضه قضى باقيه على ما مر في نذر صوم شهر معين. والحاصل أن الوجه يقتضي لزوم كل يوم شرع فيما عندهما بناء على لزوم صومه، بخلاف الباقي لان كل يوم بمنزلة شفع من النافلة الرباعية وإن كان المسنون هو اعتكاف العشر بتمامه. تأمل. رد المحتار .

আয়িশা র. বর্ণনা করেন,

ابْنَهُ جَحْشٍ أَمَرَتْ بِنَاءٍ فَبُنِي لَهَا قَالَتْ وَكَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا صَلَّى الصَرَفَ إِلَى بِنَائِهِ فَيَصُرَ بِالْأَبْنِيَةِ فَقَالَ مَا هَذَا قَالُوا بِنَاءُ عَائِشَةَ وَحَفْصَةً وَزَيْنَبَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ الْبِرَّ أَرَدْنَ بِهَذَا مَا أَنَا بِمُعْتَكِفٍ فَرَجَعَ فَلَمَّا أَفْطَرَ اعْتَكَفَ عَشْرًا مِنْ شَوَّالٍ

নবীজী স. রমাযানের শেষ দশকের ই'তিকাফ করার আলোচনা করলেন, আয়িশা র. ই'তিকাফ করার অনুমতি চাইলেন তো তাঁকে অনুমতি দিলেন। এরপর হাফসা র. আয়িশা র.কে বললেন, তুমি হাফসার জন্য অনুমতি চাও, হাফসা র. ই'তিকাফ করলেন। যখন যাইনাব র. এটি দেখে তিনিও ই'তিকাফের পর্দা লটকাতে বললেন। তাঁর পর্দা লটকানো হলো। নবীজী স. নামাযের পর স্বীয় ই'তিকাফের পর্দায় চলে যেতেন। নবীজী স. অনেক পর্দা দেখে জিজ্ঞেস করলেন, এগুলি কার? সাহাবায়ে কিরাম বললেন, আয়িশা, হাফসা এবং যাইনাব র. এর। নবীজী স. বললেন, তাঁরা কি এর দ্বারা নেকির নিয়্যত করেছে!! আমি ই'তিকাফ করবো না। এরপর তিনি মসজিদ থেকে ফিরে গেলেন। ঈদের পর শাউওয়াল মাসে ১০দিনের ই'তিকাফ করলেন। বুখারী: ২০৪৫, মুসলিম: ২৮৪২, নাসায়ী কুবরা: ৩৩৪৫, সনদ সহীহ

সুন্নাত ই'তিকাফের সঙ্গে কাযা ই'তিকাফের নিয়্যত করলে কাযা আদায় হবে না। এর সূত্র হলো, ফরয-ওয়াজিবের সঙ্গে সুন্নাত-মুস্তাহাব যুক্ত হতে পারে না। ই'তিকাফ নষ্ট করার দরুণ তা ওয়াজিবে পরিণত হয়েছে। তাই এখন সুন্নাতের সঙ্গে নিয়্যত করলে সহীহ হবে না। আল-আশবাহ, শামী: মাহমুদিয়া:১৫/২৫৮

২. ই'তিকাফ অবস্থায় মারা গেলে, হায়িয বা কঠিন অসুস্থ হলে: ই'তিকাফ অবস্থায় মারা গেলে তার পক্ষ থেকে অন্য ব্যক্তিকে ই'তিকাফ করতে হবে না

এবং ফিদিয়াও দিতে হবে না। হায়িয বা অসুস্থতার দরুণ ই'তিকাফ করা সম্ভব না হলে ই'তিকাফ ছেড়ে দিবে পরবর্তীতে সুস্থ হলে রোযাসহ উক্ত দিনগুলির কাযা করবে, কিন্তু এ অবস্থায় অন্যের মাধ্যমে ই'তিকাফ করালে তা সহীহ হবে না। কাসিমিয়্যা: ১৩/৫৬১

না আসার জন্য ঔষধ সেবন করা বৈধ, কিন্তু তা ক্ষতিকর, তাই ঔষধ সেবন না করাই ভালো। কাসিমিয়্যা: ১৩/৫৬১

হায়িয ৩. সুন্নাত-ওয়াজিব ই'তিকাফের জন্য রোযা শর্ত। তাই মান্নাত, রমাযানের ই'তিকাফ বা কাযা ই'তিকাফ করতে অবশ্যই রোযা রাখতে হবে। শামী:৩/৪৩১, বাদায়ে: ২/২৭২

আতা রহ. বর্ণনা করেন, . عَنْ عَطَاءٍ عَنِ ابْنِ عَبَّاسٍ وَابْنِ عُمَرَ أَنَّهُمَا قَالاَ : الْمُعْتَكِفُ يَصُوم ইবনু আব্বাস ও ইবনু উমর র. বলেন, ই'তিকাফকারী রোযা রাখবে।

আব্দুর রজ্জাক:৪/৩৫৩, বাইহাকী কুবরা:৮৮৪৭, ইবনু আবী শাইবা: ৩/৮৭, সনদ সহীহ ইবনু হাজার রহ.

উল্লেখ্য, ইবনু আব্বাস র. থেকে রোযা শর্ত না হওয়ার কথাও বর্ণিত আছে। এর উত্তর, এখানে উল্লেখিত বর্ণনাটি মুহাররিম (নিষিদ্ধ) আর শর্ত না হওয়াটি মুবীহ (বৈধ) আর মুবীহ-মুহাররিমের বিরোধ হলে মুহাররিম বর্ণনাটি প্রাধান্য পায়, তাই রোযা রাখার বর্ণনাটি প্রাধান্য আর এতেই অধিক সতর্কতা। ই'লাউস সুনান: ৯/১৮১

কোনো কারণে রমাযানে রোযা নষ্ট হলে ঐ দিনের ই'তিকাফও নষ্ট হবে। সুতরাং পরবর্তীতে রোযা অবস্থায় ঐ দিনের ই'তিকাফ কাযা করবে।

কাসিমিয়্যা: ১১/৫৬৯

৪. নাবালেগ, ভাড়াটে বা মহিলা দ্বারা ই'তিকাফের হুকুম: রমাযানের শেষ দশকে ই'তিকাফ করা সুন্নাতে মুআক্কাদা কিফায়া, অর্থাৎ পুরা এলাকা থেকে একজন করলেও অন্যদের থেকে আদায় হয়ে যাবে আর কেউ না করলে সবার ওপর সুন্নাত ছেড়ে দেয়ার গুনাহ বর্তাবে। নাবালেগ, বা বাড়িতে-মসজিদে মহিলাগণ ই'তিকাফ করলে এর দ্বারা সুন্নাত আদায় হবে না। এমনিভাবে কাউকে অর্থ দিয়ে ই'তিকাফে বসালে ই'তিকাফকারীরও সওয়াব হবে না আবার এলাকাবাসির থেকেও সুন্নাত আদায় হবে না। ফাতাওয়ায়ে মাহমুদিয়া: ১৫/৩০৮,

৫. অন্য এলাকার কেউ ই'তিকাফ করার হুকম: অন্য এলাকার কোনো ব্যক্তি ই'তিকাফ করলেও উক্ত মসজিদের আওতাভুক্ত এলাকাবাসী থেকেও সুন্নাত আদায় হবে, তবে এলাকাবাসীর জন্য উচিত হলো, নিজ মহল্লার কোনো ব্যক্তি ই'তিকাফে বসবে। মাহমুদিয়া: ১৭/১৭১

৬. ই'তিকাফের শুরু সময়: চার বড় ইমাম: আবু হানীফা, মালিক, শাফিয়ী, আহমাদ এবং বড় বড় মুহাদ্দিছীনে কিরামের মত হলো ২০ রমাযানে সূর্যাস্তের পূর্বে মসজিদে প্রবেশ করতে হবে। এটিই হাদীছের সঙ্গে বেশি সামঞ্জস্য। কেননা শেষ দশকে ই'তিকাফ ঐ সময় সম্ভব যদি ২১তারিখ শুরু হওয়ার (

মাগরিবের) পূর্বে মসজিদে অবস্থান করা হয়, পরের দিন গেলে এ হাদীছের অর্থ ঠিক থাকে না।

তাই মাগরিবের পরে মসজিদে গেলে সুন্নাত আদায় হবে না। দারুল উলূম:৬/৫০৬

উল্লেখ্য, একটি হাদীছে আছে, নবীজী স. ফজরের নামায পড়ে ই'তিকাফের জায়গায় বসতেন। এর উত্তর, হয়তো নবীজী স. মাগরিবের পূর্বেই মসজিদে অবস্থান করেছেন আর ফজরের পর ই'তিকাফের জন্য পর্দা দিয়ে নির্দিষ্ট করা জায়গায় অবস্থান করেছেন, অথবা ২০ তারিখে ফজরের নামাযের পর মসজিদে

অবস্থান করেছেন। যাতে ভালো কাজে দ্রুত সময়ে অবস্থান করা যায়। এর বিপরীতে একটি হাদীছও পাওয়া যাবে না, যেখানে স্পষ্টকরে বলা আছে, ২১ তারিখের ফজরের পর ই'তিকাফের জন্য মসজিদে অবস্থান করেছেন। তাই উক্ত হাদীছ দ্বারা বিভ্রান্ত হওয়া উচিত নয়। ই'লাউস সুনান: ৯/১৮৫, ফাতহুলবারী, উমদাতুলকারী

ই'তিকাফের শেষ সময়:

ঈদের চাঁদ দেখা গেলে ই'তিকাফ থেকে বের হওয়া যায়, তবে ফজরের পর বের হওয়াটা পছন্দনীয়। ইবরাহীম নাখয়ী রহ.সহ অনেক উলামায়ে কিরাম ঈদের দিন বের হতেন। হাদীছে ঈদের রাতে জাগ্রত থাকার প্রতি উৎসাহিত করা হয়েছে যেমন, যে ব্যক্তি ঈদের দুই রাত জাগ্রত থাকবে তার অন্তর মরবে না যে দিন সকল অন্তর মারা যাবে। তাই এই রাতের ফযীলত অর্জনের লক্ষ্যে মসজিদেই থাকা উত্তম হবে।

৭. সুন্নাত ই'তিকাফ কত দিন: পূর্ব বর্ণিত হাদীছ দ্বারা স্পষ্ট হয়েছে যে, নবীজী স. সর্বদা শেষ দশকের ই'তিকাফ করেছেন, এর কম করেননি। তাই সুন্নাত ই'তিকাফ করতে হলে শেষ দশকের সব দিনই করতে হবে। সমাজে একটি কথা প্রচলিত আছে, এক দিন বা তিন দিন থাকলেও ই'তিকাফ হবে। এটি ভুল কথা। হ্যাঁ নফল ই'তিকাফ হবে, কিন্তু সুন্নাত ই'তিকাফ আদায় হবে না।

ইমদাদুল ফাতাওয়া: ২/১৫৪ কাসিমিয়্যা: ১৩/৫৬০

৮. ই'তিকাফের জন্য উত্তম মসজিদ: সর্বোত্তম হলো, বাইতুল্লাহ, এরপর মসজিদে নববী স. এরপর মসজিদে আকসা, এরপর জামে মসজিদ, এরপর মহল্লার মসজিদ এরপর যেখানে বেশি মুসল্লি হয়। শামী: ৩/৪২৯

৯. ই'তিকাফের স্থান: পুরুষদের জন্য ই'তিকাফের স্থান হলো, শরয়ী মসজিদ। শরয়ী মসজিদ বলে, যা স্থায়ীভাবে মসজিদের জন্যই ওয়াকফকৃত এবং যে

মসজিদে ইমাম-মুয়াযযিন আছে। সুতরাং নামায ঘরে বা মার্কেটের উপরে নামাযের জন্য যে জায়গা করে দেয়া হয় (যার নিচের অংশ মসজিদের নয়) বা ওপর তালায় মসজিদের নিয়্যত করা হয়েছে, কিন্তু নিচ তালায় মসজিদের নিয়্যত করা হয়নি তবে

নামায পড়া হয়, তাহলে নিচ তালায় এবং উপরোল্লিখিত এমন মসজিদে ই'তিকাফ সহীহ নয়। ইমদাদুল ফাতাওয়া: ২/৬৮৩

ওয়াক্তিয়া মসজিদেও ই'তিকাফ সহীহ, যদিওবা জুমআ বা পাঁচ ওয়াক্ত নামায হয় না। হিদায়া মাআ ইনায়া: ২/৩০৮, শামী:৩/৪২৯ - -বিভিন্ন ফ্যাক্টরিতে নামাযঘর আছে সেগুলিতে ই'তিকাফ সহীহ নয়, কেননা তা শরঈ মসজিদ নয়। হ্যাঁ কোনো ফ্যাক্টরিতে শরঈ মসজিদ পাওয়া গেলে

জায়িয হবে। বাহরুর রায়িত্ব কিতাবে আছে: ৫/৪১৭

لا يجوز الاعتكاف في مسجد زقاق غير نافذ لأن طريقه مملوك لأهله إلا إذا كان له حائط إلى طريق نافذ فحينئذ يمكن التطرق إليه من حق العامة فيخلص الله تعالى فيصير مسجدنا
বড় এলাকায় একাধিক মসজিদ থাকলে প্রতিটি মসজিদে ই'তিকাফ করা উত্তম, তবে একটিতে ই'তিকাফ করলেও অন্যান্য মসজিদের ই'তিকাফের হক আদায় হবে।

আহসানুল ফাতাওয়া: ৪/৪৯৮, মাহমুদিয়া: ১৩/১৫৯, নাওয়াযিল:৬/৪১৬

وهل المراد أنها سنة كفاية لاهل كل مسجد من البلدة أو مسجد واحد منها أو من المحلة؟ ظاهر كلام الشارح الاول. واستظهر ط الثاني، ويظهر لي الثالث، لقو المنية: حتى لو ترك أهل

محلة كلهم الجماعة فقد تركوا السنة وأساؤوا. شامي

নিজ এলাকার মসজিদে ই'তিকাফ করা উত্তম, তবে দ্বীনী ফায়েদার কারণে অন্য মসজিদেও ই'তিকাফ করা যাবে। তাতারখানিয়া: ৩/৪৪২, দারুল উল্লেখ্য, দ্বীনী ফায়েদার কারণে অন্য এলাকার মসজিদে ই'তিকাফ করলে দ্বীনী ফায়েদার নিয়্যত করবে যেমন, কোনো শাইখ বা উলামায়ে কিরামের সুহবাত-সংস্পর্শে থাকার উদ্দেশে যাবে, এতে 'তিন মসজিদ ব্যতীত অন্য মসজিদে সফর করো না' হাদীছের পরিপন্থী

হবে না। মহিলাদের ই'তিকাফ ও স্থান: পূর্বেই বর্ণিত হয়েছে, নবীজী স.-এর জীবদ্দশায় এবং তাঁর ইন্তিকালের পর নবী পত্নিগণ ই'তিকাফ করতেন। তাই মহিলাদের জন্য ই'তিকাফ করা উচিত। তারাও সুন্নাতে মুআক্কাদার ই'তিকাফ করবেন। উলুম:৬/৫১১ নাওয়াযিল:৬/৪১৩

যেভাবে মহিলাগণ বাড়িতে ঘরের কোণে নামায পড়েন সেভাবে ঘরের কোণে পর্দা দিয়ে ই'তিকাফ করবেন।

আব্দুলাহ র. থেকে বর্ণিত, নবী স. ইরশাদ করেন,

»صَلاةُ الْمَرْأَةِ فِي بَيْتِهَا أَفْضَلُ مِنْ صَلاتِهَا فِي حُجْرَتِهَا وَصَلَاتُها فِي مَخْدَعِهَا أَفْضَلُ مِنْ صَلَاتِهَا فِي بَيْتِهَا.

قَالَ মহিলাদের নিজ ভিতরের কক্ষে নামায পড়া নিজ বাইরের কক্ষে নামায পড়া থেকে উত্তম আর মহিলাদের নিজ কুঠরিতে (ঘরে ক্ষুদ্র কক্ষে) নামায পড়া নিজ

ঘরে নামায পড়া হতে উত্তম।

আবু দাউদ: ৫৭০, আল জামিউস সগীর: ৫০৯১, বাইহকী কুবরা: ৫৫৬৮, সহীহ ইবনে খুযাইমা: ১৬৯০ হাকিম ও আলবানী ইহাকে সহীহ আর যাহাবী রহ. আলা শারতী শাইখাইন বলেছেন। উম্মে সালামা র. থেকে বর্ণিত, রসূলুল্লাহ স. ইরশাদ করেন,

أَنَّ رَسُولَ الله صلى الله عليه وسلم ، قَالَ : خَيْرُ مَسَاجِدِ النِّسَاءِ قَعْرُ بِيُوتِهِنَّ. وفي رواية، قَالَ : خَيْرُ صَلَاةِ النِّسَاءِ فِي قَعْرُ بُيُوتِهِن.َّ

মহিলাদের মসজিদসমূহ হতে উত্তম স্থান হল তাদের ঘরের কোণ। আরেক বর্ণনায়, মহিলাদের উত্তম নামায হল, তাদের ঘরের কোণে। উম্মে হুমাইদ র. নবী স.-এর খিদমাতে উপস্থিত হয়ে আবেদন করলেন, হে আলাহর রসূল! আমি আপনার সাথে নামায পড়তে পছন্দ করি। নবী স.

বললেন, আমার জানা আছে, তুমি আমার সাথে নামায পড়াকে পছন্দ কর। কিন্তু তোমার নিজ ঘরের ভিতরের কামরায় নামায পড়া বাহিরের কামরায় নামায পড়া থেকে উত্তম। আর উঠানে নামায পড়া বাহিরে নিজ মহল্লার মসজিদে নামায পড়া থেকে উত্তম। আর তোমার মহল্লার মসজিদে নামায পড়া আমার মসজিদে (মসজিদে নববীতে) নামায পড়া হতে উত্তম। উম্মে হুমাইদ র.-এর নির্দেশে নিজ বাড়ির একবারে অন্ধকার কোণে নামাযের স্থান বানানো হলো। তিনি মৃত্যু পর্যন্ত ঐ স্থানেই নামায পড়তেন।

আহমাদ: ২৭১৩৫, ইবনে হিব্বান: ২২১৭, ইবনে খুযাইমা: ১৬৮৯, কানয: ২০৮৬৯, মাজা': ২১০৬সনদ সহীহ

লক্ষ করুন, নামাযের ব্যাপারেই নবীজী স. ঘরের কোণকে উত্তম জায়গা বললেন, তাহলে ই'তিকাফের ব্যাপারে কী হতে পারে। যেখনে ১০রাত অতিবাহিত করতে হবে। নামায ফরয আর ই'তিকাফ সুন্নাত। আবার নামাযের তুলনায় ই'তিকাফে ফিতনা অনেকগুণে বেশি। এ অবস্থায় মহিলাদের জন্য মসজিদে ই'তিকাফ করার প্রতি উৎসাহিত করা কীভাবে বৈধ হয়।

বর্তমানে কিছু ব্যক্তি জোরালো প্রচার করছে, মহিলাগণও মসজিদেই ই'তিকাফ করবে। বাড়িতে ই'তিকাফ করলে সহীহ হবে না। কেননা নবী স. যুগে

মহিলাগণ মসজিদেই ই'তিকাফ করতেন। তাদের নিকট আবেদন, নবী যুগে মহিলাগণ মসজিদ থেকে আলাদা মসজিদ সংলগ্ন রুমে নাকি একই স্থানে ই'তিকাফ করতেন। উপরোল্লিখিত হাদীছ দ্বারা পরিস্ফুটিত হয় যে, মসজিদের ভিতরেই (পুরুষদের অবস্থানের জায়গাতেই) মহিলাগণ ই'তিকাফ করতেন। যদি মহিলাদের মসজিদে নিতে চান তাহলে মসজিদের ভিতরে ই'তিকাফ করান, তবেই তো সহীহ হাদীছের ওপর আমল হবে। মসজিদ সংলগ্ন পাটিশনযুক্ত জায়গায় করালে কিন্তু হাদীছের ওপর আমল হবে না। এ যুগে কি আপনি আপনার মেয়ে-স্ত্রীর জন্য এর অনুমতি দিবেন? এ সম্পর্কে 'ইসলামী সভ্যতায় মহিলাদের নিকাব ও নামাযের স্থান' কিতাবটি মুতালাআ করার আহ্বান জানাচ্ছি। এতে এ বিষয়ে অনেক তথ্য পাবেন।

৯. ই'তিকাফকারীদের জন্য নিষিদ্ধ বিষয়সমূহ: এর সার কথা হলো, স্বভাবজাত-মানবীয় এবং শরঈ প্রয়োজনে মসজিদের বাইরে যাওয়া বৈধ, অন্য বিষয়ে বৈধ নয়।

শরঈ প্রয়োজন যেমন, অযু করা চাই নামাযের জন্য হোক বা তিলাওয়াতের জন্য বা অযু অবস্থায় থাকার উদ্দেশে, ফরয-সুন্নাত গোসল, জুমআ না হলে

জুমআর নামায পড়তে অন্য মসজিদে যাওয়া ইত্যাদি। আহসানুল ফাতাওয়া: ৪/৫০০, ৫০৩ আয়িশা র. বর্ণনা করেন, عَنْ عَائِشَةَ أَنَّهَا قَالَتِ السُّنَّةُ عَلَى الْمُعْتَكِفِ أَن لا يَعُودَ مَرِيضًا وَلا يَشْهَدَ جَنَازَةً ولا تمس امرأَة وَلا يُبَاشِرَها ولا يخرج الحاجة إلا لما لا بد منه ولا اعتكَافَ إِلَّا بِصَوْمٍ وَلَا اعْتِكَافَ إلا

في مسجد جامع. ই'তিকাফকারীর জন্য সুন্নাত হলো, সে রোগীর সাক্ষাতে যাবে না, জানাজায় অংশ গ্রহণ করবে না, স্ত্রীকে খাহিসাতের সঙ্গে স্পর্শ বা সহবাস করবে না,

কোনো প্রয়োজনেও মসজিদ থেকে বের হবে না, তবে যে প্রয়োজন ছাড়া উপায়ই নেই (পেশাব-পায়খানা, অযু ফরয গোসল ইত্যাদি) রোযা ব্যতিত ই'তিকাফ গ্রহণযোগ্য নয় এবং জামে মসজিদ ব্যতীত ই'তিকাফ সহীহ নয়।

আবু দাউদ: ২৪৭৫, বাইহাকী কুবরা:৮৮৫৬, সনদ সহীহ আলবানী

আযান দিতে নিজ মসজিদের বাইরে বের হওয়া জায়িয আছে। আহসান:৪/৪৯৮

অন্য মসজিদে আযান দিতে, ওয়াক্তিয়া, জুমআ বা জানাযার (চাই নিজ মসজিদ বা অন্য মসজিদে) নামায পড়াতে বের হলে ই'তিকাফ নষ্ট হবে। সাক্ষী দিতে, কোর্টে হাজিরা দিতে, ডুবন্ত ব্যক্তিকে উদ্ধার করতে বের হলে ই'তিকাফ নষ্ট হবে।

স্বাভাবিক গোসল বা ঠান্ডা অর্জনের, ময়লা দুর করার লক্ষ্যে গোসল করতে মসজিদ থেকে বের হওয়া যাবে না, নতুবা ই'তিকাফ নষ্ট হবে। ভুলবশত

